

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ১. ২. যে নিজেকে চিনল সে তার রববকে চিনল

রুহুল আমিন লিখেছেন: "তিনি (তরিকতে রসুল (ﷺ)_বইয়ের লেখক) ৫ পৃষ্ঠায় এই কথাটি হাদিস বলিয়া লিখিয়াছেন: (من عرف نفسه فقد عرف ربه): (যে নিজেকে চিনল সে তার রববকে চিনল)। কিন্তু এমাম ছাখাবি মাকাছেদে হাসানার ১৯৮ পৃষ্ঠায় ও মোল্লা আলি কারী মওজুয়াতে কবির গ্রন্থের ৫৯ পৃষ্ঠায় লিখিয়াছেন: ".... "এবনে তায়মিয়া বলিয়াছেন, উহা জাল হাদিস। ছাময়ানি বলিয়াছেন, উহা হজরত নবি (ﷺ)_এর কথিত হাদিস বলিয়া প্রমাণিত হয় নাই। নাবাবি বলেন, উহা হজরত নবি (ﷺ) হইতে প্রমাণিত হয় নাই।"[1]

ফুটনোট

[1] মোহাম্মদ রুহুল আমিন, বাগমারির ফকিরের ধোকাভঞ্জন, পূ. ২।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4677

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন